আপনার জন্য কুরআন - ১

আল্লাহর বিধান পেয়ে খুশি হওয়া

قال الله تعالى : (وَالَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَفْرَحُونَ بِمَا أُنْزِلَ إِلَيْكَ ۖ وَمِنَ الْأَحْزَابِ مَنْ يُنْكِرُ بَعْضَهُ ۚ قُلْ إِنَّمَا أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ وَلَا أُشْرِكَ بِهِ ۚ إِلَيْهِ أَدْعُو وَإِلَيْهِ مَآبِ)

যাদেরকে আমি গ্রন্থ দিয়েছি, তারা আপনার প্রতি যা অবতীর্ণ হয়েছে, তজ্জন্যে আনন্দিত হয় এবং কোন কোন দল এর কোন কোন বিষয় অস্বীকার করে। বলুন, আমাকে এরূপ আদেশই দেয়া হয়েছে যে, আমি আল্লাহর এবাদত করি। এবং তাঁর সাথে অংশীদার না করি। আমি তাঁর দিকেই দাওয়াত দেই এবং তাঁর কাছেই আমার প্রত্যাবর্তন। (রা"দঃ ৩৬)

হে মুমিনরা! আল্লাহ তায়ালার ফরমানটা খেয়াল করুন। তিনি বলছেন: (তারা খুশি হয়) অর্থাৎ মুমিনরা আল্লাহর বিধান পেয়ে খুশি হয়। তারা আল্লাহর বিধানকেই একমাত্র বিধান হিসেবে গ্রহন করেন এবং তা কোন বক্রতা ছাড়া বরং আনন্দের সাথেই মেনে নেন ও বাস্তবায়ন করেন।

চিন্তা করুন! যারা বর্তমানে ঈমানের দাবী করে তাদের অধিকাংশরাই কি আল্লাহর বিধান পেয়ে খুশি হয়? তাদের কি অবস্থা ?!!! যারা ইসলামের দাবী করে কিন্তু আল্লাহর বিধানই বাস্তবায়ন করবে দূরের কথা খুশিই হয় না, এমনকি তার সামনে যখন বলা হয় আল্লাহ তায়ালা এই বিষয়কে ফরজ করে দিয়েছেন, তখন তা মানতে না পেরে পাগলের প্রলাপ বকতে থাকেন !!!

আহলে কিতাবের মধ্যে যারা সত্যবাদী ছিলেন তারা কুরআন পেয়ে খুশি হয়েছে, ঈমান এনেছে এবং তা অনুজায়ী বিচার-ফায়সালা করেছেন। অথচ বর্তমানে যারা ইসলামের দাবী করে তাদের অধিকাংশই আল্লাহর বিধানকে ভালবাসা তো দূরের কথা, মিটিয়ে দেয়ার জন্যে যুদ্ধ করে।

তাহরীদ মিডিয়া

https://telegram.me/tahridbd